রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জানুয়ারি ১৬, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**কমিটি বিষয়ক শাখা**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৪/০২ মাঘ ১৪২০

**নং ০৪.৬১১.০০৬.০০.০০.০১১.২০১১-০৭**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নলিখিত মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন করেছে ঃ

(ক) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক);

(খ) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(গ) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(ঘ) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি;

(ঙ) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

২। উপর্যুক্ত মন্ত্রিসভা কমিটিসমূহের গঠন, এগুলিকে সহায়তাদানকারী কর্মকর্তাগণের তালিকা, কমিটিসমূহের কার্যপরিধি (টার্মস অব রেফারেন্স) এবং এ সকল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদানকারী মন্ত্রণালয়/বিভাগের নাম পরিশিষ্ট ‘ক’ হতে ‘ঙ’-তে প্রদত্ত হল।

৩। যে সকল ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ ব্যতিরেকে অন্য কোন মন্ত্রণালয়/বিভাগ মন্ত্রিসভা কমিটিসমূহের সাচিবিক সহায়তা প্রদান করবে, সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রিসভা কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার তিন দিনের মধ্যে এর অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে (কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগ) প্রেরণ করতে হবে।



**মূল্য ঃ** টাকা ১৬.০০

৪। মন্ত্রিসভা কমিটিসমূহের যে সকল সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পেশ করার আবশ্যকতা রয়েছে, সেগুলি মন্ত্রিসভায় পেশ করতে হবে। অন্যান্য সুপারিশ রুলস অব বিজনেস অনুযায়ী মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের জন্য পেশ করতে হবে।

৫। এতদ্‌সংক্রান্ত বিষয়ে পূর্বেকার মন্ত্রিসভা কমিটিসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

**পরিশিষ্ট-ক**

## জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)

(ক) **কমিটির গঠন ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | শেখ হাসিনা<br>প্রধানমন্ত্রী | চেয়ারপারসন |
| ২. | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | বিকল্প চেয়ারম্যান |
| ৩. | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | জনাব তোফায়েল আহমেদ<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | জনাব আবদুল লতিফ সিদ্দিকী<br>মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব ওবায়দুল কাদের<br>মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | জনাব আনিসুল ইসলাম মাহমুদ<br>মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | জনাব শাজাহান খান<br>মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | জনাব আ হ ম মুস্তফা কামাল<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১৪. | জনাব এম, এ, মান্নান<br>প্রতিমন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ১৫. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, পরিকল্পনা বিভাগ

(৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৫) সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

(৬) সচিব, অর্থ বিভাগ

(৭) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৮) পরিকল্পনা কমিশনের সদস্যগণ

(৯) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) **নির্বাহী কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল বিনিয়োগ প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) বিবেচনা ও অনুমোদন;

(২) সরকারি খাতে ২৫ (পঁচিশ) কোটি টাকার উর্ধ্বে মোট বিনিয়োগ ব্যয় সংবলিত প্রকল্পসমূহে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার সুপারিশ বিবেচনা ও অনুমোদন;

(৩) উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা;

(৪) বেসরকারি উদ্যোগ, যৌথ উদ্যোগ অথবা অংশগ্রহণমূলক বিনিয়োগ কোম্পানিসমূহের প্রস্তাব বিবেচনা;

(৫) দেশের অর্থনৈতিক পরিস্থিতির পরিবীক্ষণ এবং সামগ্রিক অর্থনৈতিক কর্মকান্ড ও এর সঙ্গে সংশ্লিষ্ট নীতি-নির্ধারণী বিষয়সমূহ পর্যালোচনা;

(৬) বৈদেশিক সহায়তার বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং উক্ত লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা।

(ঘ) নির্বাহী কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) পরিকল্পনা বিভাগ নির্বাহী কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**পরিশিষ্ট-খ**

## সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

| ক্রমিক নং | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব তোফায়েল আহমেদ<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | জনাব আবদুল লতিফ সিদ্দিকী<br>মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | জনাব ওবায়দুল কাদের<br>মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব আ হ ম মুস্তফা কামাল<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | জনাব মোঃ মুজিবুল হক (চুন্নু)<br>প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৬) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(৭) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর/পরিদপ্তর, অধস্তন দপ্তর, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা ও রাষ্ট্রীয় মালিকানাধীন শিল্প প্রতিষ্ঠান কর্তৃক প্রেরিত এককভাবে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার উর্ধ্বের ক্রয় ও চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(২) পরামর্শক সার্ভিস (কনসালটেন্সি সার্ভিসেস) সংক্রান্ত ১০ (দশ) কোটি টাকার উর্ধ্বের চুক্তি সম্পাদনের প্রস্তাব বিবেচনা;

(৩) উপরের (১) ও (২) উপ-অনুচ্ছেদে উল্লিখিত অংকের (অর্থাৎ যথাক্রমে ৫০ কোটি ও ১০ কোটি টাকার উর্ধ্বের) পুনঃ দরপত্র সংক্রান্ত সকল প্রস্তাব বিবেচনা;

(৪) সরকারের বিভিন্ন প্রতিষ্ঠানের অনুসৃত দরপত্র পদ্ধতির পরিবীক্ষণ ও পর্যালোচনা।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**পরিশিষ্ট -গ**

**অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি**

(ক) **কমিটির গঠন ঃ**

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব তোফায়েল আহমেদ<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | বেগম মতিয়া চৌধুরী<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | জনাব আব্দুল লতিফ সিদ্দিকী<br>মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | জনাব রাশেদ খান মেনন<br>মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | জনাব আনিসুল হক<br>মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব আ হ ম মুস্তফা কামাল<br>মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | ড. এস এ সামাদ<br>নির্বাহী চেয়ারম্যান, বিনিয়োগ বোর্ড | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) গভর্নর, বাংলাদেশ ব্যাংক

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

(৭) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(৮) সচিব, শিল্প মন্ত্রণালয়

(৯) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(১০) সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

(১১) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

(১২) পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সদস্য

(১৩) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

**(গ) কমিটির কার্যপরিধি ঃ**

(১) দেশের সার্বিক আর্থিক ও অর্থনৈতিক বিষয়াদি পর্যালোচনা ও মূল্যায়ন;

(২) মন্ত্রিসভায় উপস্থাপনের পূর্বে নিম্নলিখিত বিষয়/নীতিসমূহ বিবেচনা ও সুপারিশ প্রণয়ন ঃ

ক. বাণিজ্য নীতি (আমদানি নীতি, রপ্তানি নীতিসহ);

খ. শিল্পনীতি;

গ. বাজেট ও কর সংক্রান্ত প্রস্তাবাবলি;

(৩) ব্যাংক, বিমা ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসৃত নীতি পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সকল বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

(৪) বিভিন্ন সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অনুকূলে ভর্তুকি প্রদান সংক্রান্ত বিষয়াদি;

(৫) বিধিবদ্ধ সংস্থাসমূহের সম্পাদিত কার্যাবলি, বিশেষতঃ এদের আর্থিক কৃতি ও ফলাফল বিবেচনা;

(৬) বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশে জনশক্তি প্রেরণের বার্ষিক লক্ষ্যমাত্রা বিবেচনা ও অনুমোদন এবং এ সকল লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি পর্যালোচনা;

(৭) সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত দ্রব্যের মূল্য অন্য কোন প্রক্রিয়ায় নির্ধারিত হয়ে না থাকলে তা নির্ধারণ এবং সরকারি প্রতিষ্ঠানসমূহের ৫০ (পঞ্চাশ) কোটি টাকার ঊর্ধ্ব মূল্যমানের উৎপাদিত দ্রব্য/শিল্প কারখানার উপজাত বিক্রয়ের প্রস্তাব বিবেচনা ও সুপারিশ।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**পরিশিষ্ট-ঘ**

**জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি**

(ক) **কমিটির গঠন ঃ**

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | জনাব আবুল মাল আবদুল মুহিত<br>মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব তোফায়েল আহমেদ<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | জনাব আব্দুল লতিফ সিদ্দিকী<br>মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | জনাব ওবায়দুল কাদের<br>মন্ত্রী, যোগাযোগ মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | জনাব হাসানুল হক ইনু<br>মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | জনাব নুরুল ইসলাম নাহিদ<br>মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব আসাদুজ্জামান নূর<br>মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | সৈয়দ মহসিন আলী<br>মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব/সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) সচিব, অর্থ বিভাগ

(৫) সচিব, শিক্ষা মন্ত্রণালয়

(৬) সচিব, তথ্য মন্ত্রণালয়

(৭) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

(৮) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) জাতীয় পুরস্কার প্রদানের লক্ষ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাবসমূহ পরীক্ষা করা;

(২) বিভিন্ন জাতীয় পুরস্কারের ক্রমনির্ধারণ এবং প্রয়োজনবোধে পরিবর্তনের জন্য সুপারিশ প্রদান;

(৩) নতুন জাতীয় পুরস্কার প্রবর্তনের প্রস্তাব পরীক্ষা করা ও সুপারিশ প্রণয়ন।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ করবে।

(চ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

**পরিশিষ্ট-৬**

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

(ক) **কমিটির গঠন ঃ**

| ক্রমিক নম্বর | নাম ও পদবি | দায়িত্ব |
|---|---|---|
| ১. | জনাব আমির হোসেন আমু<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | আহবায়ক |
| ২. | জনাব তোফায়েল আহমেদ<br>মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৩. | জনাব আব্দুল লতিফ সিদ্দিকী<br>মন্ত্রী, ডাক ও টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | জনাব মোহাম্মদ নাসিম<br>মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | সদস্য |
| ৫. | সৈয়দ আশরাফুল ইসলাম<br>মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | সদস্য |
| ৬. | খন্দকার মোশাররফ হোসেন<br>মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৭. | জনাব রাশেদ খান মেনন<br>মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ৮. | জনাব হাসানুল হক ইনু<br>মন্ত্রী, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৯. | জনাব আনিসুল ইসলাম মাহমুদ<br>মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ১০. | জনাব শাজাহান খান<br>মন্ত্রী, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ১১. | জনাব মোঃ মুজিবুল হক (চুন্নু)<br>প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ১২. | জনাব আসাদুজ্জামান খাঁন<br>প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১৩. | বিষয়-সংশ্লিষ্ট মন্ত্রী/প্রতিমন্ত্রী | সদস্য |

(খ) **সহায়তাদানকারী কর্মকর্তাগণ ঃ**

(১) মন্ত্রিপরিষদ সচিব

(২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

(৩) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

(৪) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ

(৫) চিফ অব জেনারেল স্টাফ, সেনাসদর

(৬) মহাপুলিশ পরিদর্শক

(৭) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ

(৮) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা সংস্থা

(৯) মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা

(১০) মহাপরিচালক, আনসার ও ভিডিপি

(১১) মহাপরিচালক, কোস্টগার্ড

(১২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

(১৩) মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান

(গ) **কমিটির কার্যপরিধি ঃ**

(১) সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি পরিবীক্ষণ ও পর্যালোচনা;

(২) আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির কারণ পর্যবেক্ষণ ও চিহ্নিতকরণ এবং এগুলি দূরীকরণে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৩) হরতাল, অবরোধ, ধর্মঘট ও জনসাধারণের স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহতকারী অন্যান্য ঘটনা প্রতিরোধ এবং এগুলির ফলে জনজীবনে সৃষ্ট দুর্ভোগ ও অচলাবস্থা নিরসনের উদ্দেশ্যে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসমূহের করণীয় পদক্ষেপ সম্পর্কে পরামর্শ প্রদান;

(৪) উপর্যুক্ত বিষয়াবলির সঙ্গে সম্পর্কিত অন্য যে কোন বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও সুপারিশ প্রদান।

(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd